

১৯ রাজ্যের বরাদ্দ বন্ধ রেখেছে কেন্দ্র

এই সময়, নয়াদিল্লি: মনরেগা প্রকল্পের আওতায় ১০০ দিনের কাজ খাতে দেশের অধিকাংশ রাজ্যকেই তাদের প্রাপ্য টাকা দিচ্ছে না কেন্দ্র। সরকারি হিসেবে সব মিলিয়ে এখনও ১৯টি রাজ্য ১০০ দিনের কাজ খাতে তাদের বরাদ্দ টাকা পায়নি। এর মধ্যে বিপুল পরিমাণ টাকা বকেয়া আছে বাংলারও। ফলে, শুরু হয়েছে কেন্দ্র-রাজ্য সংঘাত।

রাজ্যের টাকা না দেওয়ার কারণ হিসেবে সঠিক পদ্ধতিতে প্রকল্পের টাকা খরচের হিসেব প্রদান না করাকেই তুলে ধরেছে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক। এই আবহে মন্ত্রকের মনোভাবের তীব্র সমালোচনা করল সংশ্লিষ্ট মন্ত্রকের সংসদীয় স্থায়ী কমিটি। কেন রাজ্যগুলির সর্বোচ্চস্তরে আলোচনা না করেই ১০০ দিনের কাজের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দ বন্ধ রাখা হয়েছে — এই প্রশ্ন তুলে কমিটি সংসদে তাদের

১০০ দিনের কাজ

রিপোর্ট পেশ করেছে। সেখানে বকেয়া টাকার অভাবে দেশের খেটে খাওয়া মানুষের রুটি-রুজির জোগান দেওয়ার জন্য তৈরি এই কেন্দ্রীয় প্রকল্পের ভিত্তি নিয়েই আশঙ্কা প্রকাশ করা হয়েছে। সেই পরিস্থিতি যাতে না হয়, তা নিশ্চিত করার জন্য অবিলম্বে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনের সর্বোচ্চ স্তরে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পরামর্শ দিয়েছে কমিটি।

ডিএমকে সাংসদ কানিমোড়ির নেতৃত্বাধীন গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েতি রাজ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির রিপোর্টে উল্লেখ করা হয়েছে দেশের বিভিন্ন প্রান্তের গ্রাম পঞ্চায়েতগুলির দুরবস্থার কথা। একটি পরিসংখ্যানে জানা যাচ্ছে, সারা দেশের ২৭১১০২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ২১৯৮৮৯টি গ্রাম পঞ্চায়েতে কম্পিউটার আছে। কম্পিউটারের অভাবের পাশাপাশি ব্রডব্যান্ড বা ইন্টারনেট সমস্যার সঙ্গেও যুঝতে হচ্ছে গ্রাম পঞ্চায়েতগুলিকে।

এই রিপোর্টকে হাতিয়ার করেই সরব হয়েছেন বিরোধী শিবিরের সাংসদরা। তৃণমূল সাংসদ মালা রায় বলেন, '১০০ দিনের কাজ বাবদ সব থেকে বেশি টাকা বকেয়া আছে পশ্চিমবঙ্গের। গত বছরের ৩০ নভেম্বর পর্যন্ত ১০০ দিনের কাজ খাতের মজুরি বাবদ রাজ্যের প্রাপ্য ২৭৪৪ কোটি ৭৬ লক্ষ টাকা, নতুন যন্ত্রপাতি কেনা খাতে রাজ্যের প্রাপ্য ৪৫৭ কোটি টাকা। কমিটির আশঙ্কাই ঠিক, এই প্রকল্পের ভিত্তিটাকেই নষ্ট করতে চাইছে।'